**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৪৭টি প্রতিষ্ঠানকে ৪.৯৫ লক্ষ টাকা জরিমানা**

**২২ অক্টোবর ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, যশোর, রাজশাহী, পাবনা, নোয়াখালী, রংপুর ও পঞ্চগড়ে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নাবিস্কো ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে **১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার)** টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ওয়ান স্টপ সুপার শপ ও সাজাই বিউটি পার্লারকে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকাসহ মোট **২,২৫,০০০/- (দুই লক্ষ পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের দৌলতপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুরের মধুখালী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকাসহ মোট **৫১,০০০/- (একান্ন হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের বিভিন্ন এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **২৭,০০০/- (সাতাশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১২,৫০০/- (বার হাজার পাঁচশত)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব বাহা উদ্দীন ভূঁঞা এর নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬৭,০০০/- (সাতষট্টি হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **১,৪৪,৫০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Invite Chinese & Thai Restaurant কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে M/S Medical Services Ltd. এবং MR Baker কে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে অলিম্পিয়া প্যালেসকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ইকরা রেস্টুরেন্টকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সুলতান মাহমুদ মিলন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স মেরিডিয়ান রেস্টুরেন্ট ও মেসার্স সী ল্যাম্পকে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৯,০০০/- (নয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: ওয়ালিদ বিন হাবিব কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে পিজা বাজারকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: ইব্রাহীম হোসেন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ষড়ঋতু ক্যাফে এন্ড রেস্তুরাকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১১টি** বাজার তদারকির ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৭টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৯৫,৫০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে মং **১৮,৭৫০/- (আঠার হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, যশোর, রাজশাহী, পাবনা, নোয়াখালী, রংপুর ও পঞ্চগড়।
৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, যশোর, রাজশাহী, পাবনা, নোয়াখালী, রংপুর ও পঞ্চগড়।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।